২য় অনুরোধ পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৭.১৯-৬০৩

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ / ২০ নভেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৫২২/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.৯০১১.১৮-৫১৬ তারিখ: ১৩.০৬.১৯ খ্রি.।
(২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.৯০১১.১৮-৫১৭ তারিখ: ১৩.০৬.১৯ খ্রি.।
(৩) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.৯০১১.১৮-৬৯০ তারিখ: ০৫.০৮.১৯ খ্রি.।
(৪) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.০৬.৯১৬৯.১৮/২৭৯১ তারিখ: ১০.১০.১৯ খ্রি.।
(৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৭.১৯-৫০৫ তারিখ: ৩০.১০.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ১০.১০.১৮ তারিখের ২৭৯১ সংখ্যক স্মারকমূলে আলহাজ্ব সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়ের পরবর্তী ২ বছর পর্যন্ত ব্যবস্থাপনা কমিটির অনুমোদন দিয়ে পত্র জারি করা হয়।

০২। উল্লেখ্য, বর্ণিত প্রতিষ্ঠানের ০৮ (আট) জন শিক্ষক-কর্মচারী আগষ্ট/১৮ মাস হতে বেতন-ভাতাদি (এমপিও) না পাওয়ায় তাঁদের বেতন-ভাতা (এমপিও) চালুকরণের নির্দেশনা দাবী করে উক্ত প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৯৩৪/২০১৯ মামলা দায়ের করা হয়।

০৩। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক ০৩.০৩.২০১৯ তারিখে প্রদত্ত নির্দেশানার প্রেক্ষিতে পিটিশনার কর্তৃক ০৮.০১.১৯ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে ডিটিই এর পরিচালক (পিআইডব্লিউ) কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর বিষয়ে শুনানি গ্রহণপূর্বক দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উক্ত ব্যবস্থাপনা কমিটি বাতিল করে এডহক কমিটি গঠন করে পুনরায় নির্বাচনের মাধ্যমে নিয়মিত কমিটি গঠন করার জন্য DTE কর্তৃক সূত্র (২) মূলে চেয়ারম্যান, BTEB কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

০৪। একই সাথে DTE কর্তৃক সূত্র (১) মূলে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার বিলে প্রতিস্বাক্ষরের নিমিত্ত সভাপতির পরিবর্তে জেলা প্রশাসক, গাইবান্ধা-কে ক্ষমতা প্রদানের নির্দেশনা প্রদান করে পত্র জারি করা হয় ।

০৫। DTE কর্তৃক ইস্যুকৃত উক্ত স্মারকদ্বয়ের বৈধতা চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি জনাব মো: আব্দুল মালেক মিয়া কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৫২২/১৯ দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ৩০.০৭.১৯ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:

"Pending disposal of the Rule, the parties are directed to maintain status-quo in respect of possession and position of the Governing body of Al-haj Selima Secondary and Technical College, Sundargonj, Gaibandha in question for a period of 1 (one) month from date.

০৬। উক্ত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী বিধি মোতাবেক কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা গত ১৫.১০.১৯ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য সূত্রে বর্ণিত (৫) নং স্মারকের মাধ্যমে DTE কে অনুরোধ করা হয়ছিল। কিন্তু অদ্যাবধি উক্ত পত্রের জবাব না পাওয়ায় পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছে না বিধায় DTE কর্তৃক গৃহীত ব্যবস্থার তথ্য জানা আবশ্যক।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৫২২/২০১৯ মামলায় গত ৩০.০৭.১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে TMED কর্তৃক সূত্র (৫) মূলে প্রেরিত পত্রের নির্দেশনার আলোকে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ০৫.১২.২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো অনুরোধ করা হলো।

২০/১১/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।